

জাতীয় স্বেচ্ছাসেবী সপ্তাহ (National Volunteers' Week) (1-7 জুন) স্বেচ্ছাসেবকদের কাজের বার্ষিক উদযাপন: এই সপ্তাহটি সব স্বেচ্ছাসেবীদের সময়, শক্তি, দায়বদ্ধতা, মূল্যবোধ এবং দক্ষতার জন্য ধন্যবাদ দেওয়ার লক্ষ্যে নিয়োজিত।

জেসসামনার (Jess Sumner), সিইও, কমিউনিটি ওয়ার্কস্(CEO Community Works), বলেছেন, "আমাদের জনগোষ্ঠীগুলির সাহায্যের জন্য স্বেচ্ছাসেবকেরা কত অপরিহার্য তা বিগত বছরটি দেখিয়েছে। জাতীয় এবং স্থানীয় স্তরে স্বেচ্ছাসেবকেরা যেভাবে সাড়া দিয়েছেন তা আমাদের অভিভূত করেছে এবং বিশ্বব্যাপী মহামারি চলাকালীন ব্যক্তি এবং জনগোষ্ঠীকে প্রাথমিক প্রয়োজনগুলি প্রদান করার ক্ষেত্রে স্বেচ্ছাসেবকেরা ছিলেন অপরিহার্য। আমাদের সদস্য সংস্থাগুলির মধ্যে একটি বিগত সমগ্র বছরের তুলনায় প্রথম লকডাউন এর সময় অধিক সংখ্যক স্বেচ্ছাসেবকদের নিয়োগ করেছিলেন।

"সারা বছর স্বেচ্ছাসেবকেরা যে সময় এবং শক্তি ব্যয় করেছেন সে সম্পর্কে আমরা সকলে সচেতন, বিশেষত যারা জনগোষ্ঠীগুলির সঙ্গে কাজ করি, তাঁদের স্বাভাবিক স্বেচ্ছাসেবামূলক কাজের বাইরে পরিবর্তনশীল প্রয়োজনের সঙ্গে মানিয়ে নেওয়া অথবা নতুন স্বেচ্ছাসেবকদের তালিকাভুক্ত করার কাজে অতিরিক্ত সময় দেওয়া ইত্যাদি যে কাজই হোক না কেন।

"স্বেচ্ছাসেবকদের সেই দক্ষতা এবং বিশেষ জ্ঞান আছে যা অন্যভাবে নাও পাওয়া যেতে পারে। বিগত বছরে যাঁরা অন্যদের সাহায্য করার জন্য সময় ব্যয় করেছেন তাঁদের সকলেই আমাদের ধন্যবাদ পাওয়ার যোগ্য। আপনারা অনলাইন-এ নাম তালিকাভুক্ত করা, জনগোষ্ঠীর প্রতিষ্ঠানে যোগ দেওয়া অথবা অনানুষ্ঠানিকভাবে আপনার স্থানীয় এলাকায় যাঁদের প্রয়োজন তাঁদের জন্য সময় ব্যয় করার মধ্যে যাই করে থাকুন না কেন – আপনাদের ধন্যবাদ। আপনারা আমাদের সকলকে সাহায্য করেছেন। স্বেচ্ছাসেবী সপ্তাহ (Volunteers Week) আপনাদের ধন্যবাদ দেওয়ার সুযোগ আমাদের দিয়েছে, কিন্তু সারা বছর আমরা আপনাদের প্রতি কৃতজ্ঞ ছিলাম।"